



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ১০ম সভার কার্যবিবরণী

তারিখ : ০৩.০৭.২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)- এর Annual Performance Agreement টিমের ১০ম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ০৩.০৭.২০২১ তারিখ রাত ৮.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার এবং এপিএ টিমের টিম লিডার ড. মহাঃ শফিকুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ২। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৩। ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাউবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।

সভার শুরুতে সম্মানিত সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

### আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং সভাপতি, এপিএ টিম, বাউবি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২০২১)-এর ত্রৈমাসিক রিপোর্ট (০১লা এপ্রিল-৩০শে জুন) এপিএএমএস সফটওয়্যারে আপলোড করার বিষয়ে বিভিন্ন স্কুল এবং বিভাগ হতে প্রাপ্ত তথ্য সমূহ সকলের নিকট উপস্থাপন করেন। বিভিন্ন স্কুল ও বিভাগ হতে প্রাপ্ত তথ্য এপিএএমএস সফটওয়্যারে আপলোড করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। বিভিন্ন স্কুল এবং বিভাগ হতে এপিএ সম্পর্কিত তথ্যাদি সহজে এবং সঠিক সময়ে পাওয়ার জন্য প্রতিটি স্কুল, বিভাগ এবং শাখা হতে একজন এপিএর প্রতিনিধি মনোনয়নের জন্য রেজিস্ট্রার মহোদয় প্রস্তাব করেন এবং সকলে এ বিষয়ে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এপিএ-এর ফোকাল পয়েন্ট জনাব নাজনীন আখতার-কে অনুরোধ জানানো হয়।

এপিএ ২০২১-২০২২ এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য 'সেবা প্রদান প্রতিশ্রুতি', 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা' এবং 'তথ্য অধিকার' ব্যবস্থাপনাসহ অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (i) বাউবির আঞ্চলিক কেন্দ্রে এবং উপ-আঞ্চলিক কেন্দ্রেসমূহের কার্যপরিধি বিবেচনায় নিয়ে প্রতিটি আঞ্চলিক কেন্দ্র এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে 'সেবা প্রদান সেল' এবং 'অভিযোগ প্রতিকার সেল' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লিখিত 'সেবা প্রদান সেল' ও 'অভিযোগ প্রতিকার সেল' এস এস এস বিভাগের পরিচালকের পরামর্শক্রমে আঞ্চলিক পরিচালককে আহবায়ক করে গঠন করার সুপারিশ করা হয়। গঠিত সেবা প্রদান সেল-কে তত্ত্বাবধানের জন্য এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবা প্রদান বাস্তবায়ন কমিটি গঠনের সুপারিশ করা হয় ;

৯

৯

- (ii) প্রতিটি আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে একটি অভিযোগ বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অন-লাইনে অভিযোগ/মতামত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয় ;
- (iii) বাউবির বিভিন্ন সেবা সম্পর্কিত তথ্য প্রদানের জন্য ২৪/৭ এর একটি হট লাইন চালুর সুপারিশ করা হয় এবং
- (iv) সকল কমিটি এবং সাব-কমিটি গঠনের পর সকল সদস্যদের সম্মুখে একটি মত বিনিময় সভা এবং পরবর্তী করণীয় নির্ধারণের জন্য একটি ওয়ার্কসেশ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজনীন আখতার  
০৬.০৭.২০২১

নাজনীন আখতার  
যুগ্ম পরিচালক (কাউন্সিল)

ও

ফোকাল পয়েন্ট, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

ড. মহাঃ শফিকুল আলম  
০৬.০৭.২০২১

ড. মহাঃ শফিকুল আলম  
রেজিস্ট্রার

এবং

টিম লিডার, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।